

بِسْمِ اللَّهِ الرَّحْمَنِ الرَّحِيمِ

Phone –(202) 244-0183
Fax : (202) 244-2771/7830
E-mail : bdootwash@bdembassyusa.org
Website : www.bdembassyusa.org



EMBASSY OF THE
PEOPLE'S REPUBLIC OF BANGLADESH
3510 International Drive, NW
Washington, D.C 20008

Press Release

September 29, 2010

Bangladesh & USA should work together for closer relations

This was said by Honorable Congressman Phil Hare (D-Illinois) today when he received H.E. Mr. Akramul Qader, Bangladesh Ambassador to USA & State Minister at his office. The Ambassador discussed some matters of mutual interests of both the countries. During the meeting, the Ambassador gave a run down on the policies and priorities of the present democratic Government led by Honorable [Sheikh Hasina](#) and the achievement made by Bangladesh in recent days. Mr. Qader mentioned about the UN Award received by the Prime Minister for outstanding success in achieving the MDGs(Millennium Development Goals)specially in reducing [child mortality rate](#) and impressive gains in some areas like universal [primary education](#) and gender parity at primary and secondary levels. Congressman Phil lauded the constructive role being played by the Hon'ble [Prime Minister of Bangladesh](#) on many issues of common concern between USA and Bangladesh. He stated that US values its friendship with Bangladesh and strongly felt that both countries should work together.

Considering vital trade interest for a developing country like Bangladesh, Bangladesh Ambassador sought his support for the NPDA(New Partnership Development Act) bill which will be tabled afresh in the Congress after the mid-term elections in USA. Congressman Phil assured his all-out support in this regard.

Contact : Swapan Kumar Saha, Minister (Press), Phone: 202-244-5071 , Fax : 202-244-2771\7830, e-mail-pressministerwash@yahoo.com

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِیْمِ

Phone –(202) 244-0183
Fax : (202) 244-2771/7830
E-mail : bdootwash@bdembassyusa.org
Website : www.bdembassyusa.org



EMBASSY OF THE
PEOPLE'S REPUBLIC OF BANGLADESH
3510 International Drive, NW
Washington, D.C 20008

প্রেস বিজ্ঞপ্তি

সেপ্টেম্বর ২৯, ২০১০

গভীরতর সম্পর্কের লক্ষ্যে বাংলাদেশ ও যুক্তরাষ্ট্রকে একযোগে কাজ করা উচিত

যুক্তরাষ্ট্রে নিযুক্ত বাংলাদেশের রাষ্ট্রদূত এবং প্রতিমন্ত্রী জনাব আকরামুল কাদের আজ কংগ্রেসম্যান ফিল হেয়ার (ডেমোক্রেট-ইলিনয়)-এর সাথে তাঁর অফিসে সৌজন্য সাক্ষাৎ করেন। বৈঠককালে কংগ্রেসম্যান ফিল হেয়ার সাথে দু'দেশের স্বার্থ সংশ্লিষ্ট ব্যাপারে আলোচনা হয়। রাষ্ট্রদূত কাদের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে বর্তমান গণতান্ত্রিক সরকার কর্তৃক দেশ পরিচালনার ক্ষেত্রে অনুসৃত নীতি ও প্রাধিকার সমূহের ব্যাপারে তাঁকে অবহিত করেন এবং তাঁর সরকারের সাফল্যগুলো তুলে ধরেন। রাষ্ট্রদূত কাদের জাতিসংঘের ৬৫তম সাধারণ পরিষদ চলাকালীন সময়ে মাননীয় প্রধানমন্ত্রীকে বাংলাদেশ শিশু মৃত্যুর হার উল্লেখযোগ্য হ্রাস করার ক্ষেত্রসহ প্রাথমিক ও মাধ্যমিক পর্যায়ে লিঙ্গীয় সমতা অর্জন এবং সার্বজনীন প্রাথমিক শিক্ষার ক্ষেত্রে বিশেষ অগ্রগতির জন্য জাতিসংঘ কর্তৃক সহস্রাব্দ উন্নয়ন লক্ষ্য (MDGs) পুরস্কার প্রাপ্তির কথা তুলে ধরেন।

কংগ্রেসম্যান ফিল হারে প্রধানমন্ত্রী শেখ হাসিনার ভূয়সী প্রশংসা করে বলেন মাননীয় প্রধানমন্ত্রীর নেতৃত্বে বাংলাদেশ ও যুক্তরাষ্ট্রের মধ্যকার সম্পর্ক দৃঢ়তর হবে বলে আশা প্রকাশ করেন। জনাব ফিল হেয়ার বাংলাদেশ সরকারের গঠনমূলক কর্মকাণ্ডের কথা উল্লেখ করেন এবং বাংলাদেশের সাথে যুক্তরাষ্ট্রের বন্ধুত্বপূর্ণ সম্পর্কের উপর গুরুত্ব আরোপ করেন। রাষ্ট্রদূত জনাব কাদের কংগ্রেসম্যান ফিল হেয়ারকে নিউ পার্টনারশীপ ডেভেলপমেন্ট এ্যাক্ট (NPDA) বিল পাশের জন্য সমর্থন জ্ঞাপনের অনুরোধ জানান। এখানে উল্লেখ্য, এনপিডিএ আমেরিকার মধ্যবর্তী নির্বাচনের পর কংগ্রেসে নতুন করে উত্থাপন করা হবে। জনাব ফিল এনপিডিএ কংগ্রেসে অনুমোদনের জন্য সর্বাঙ্গিক সহযোগিতা করবেন বলে রাষ্ট্রদূত জনাব কাদেরকে আশ্বাস দেন।

যোগাযোগ : স্বপন কুমার সাহা, মিনিস্টার (প্রেস), বাংলাদেশ দূতাবাস, ওয়াশিংটন, ডিসি-
২০০০৮, টেলিফোন : ২০২-২৪৪-৫০৭১, ফ্যাক্স-২০২-২৪৪-২৭৭১/৭৮৩০, ইমেইল-
pressministerwash@yahoo.com